# গ্রীষ্মে বই পড়ার গাইড



NYC Public Schools

Copyright © 2023 New York City Department of Education

*গ্রীষ্মে বই পড়ার গাইড*, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ লিটারেসি কোলাবোরেটিভ-এর একটি প্রকাশনা যা নিচে উল্লিখিত ব্যক্তিবর্গের নেতৃত্বের অধীনে প্রকাশিত:

**জেসন বোর্জেস (Jason Borges)**
এক্সিকিউটিভ ডিরেক্টর

**জেনা শমস্কি (Jenna Shumsky)**
ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর

অংশগ্রহণকারী সম্পাদকবৃন্দ:
**জুডিথ জিন ব্রুস (Judith Jean-Bruce), নিকোলাস কুরোলাই (Nicholas Kuroly), লাইলা মানসন (Layla Munson), জেসিকা সীসেল (Jessica Seessel), এবং সামির তালাতি (Sameer Talati)**

ডিজাইনার:
**ড্যানিয়েল আর. উলফ (Daniel R. Wolf)**

https://bit.ly/nycpslc
literacycollaborative@schools.nyc.gov

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা | 01 |
| কীভাবে এই গাইড ব্যবহার করতে হবে এবং পরিবারবর্গ ও অভিভাবকদের জন্য পরামর্শ | 02 |
| K-2 গ্রেডের জন্য প্রদত্ত পরামর্শ এবং সুপারিশকৃত বই | 04 |
| 3-5 গ্রেডের জন্য প্রদত্ত পরামর্শ এবং সুপারিশকৃত বই | 06 |
| 6-8 গ্রেডের জন্য প্রদত্ত পরামর্শ এবং সুপারিশকৃত বই | 10 |
| 9-12 গ্রেডের জন্য প্রদত্ত পরামর্শ এবং সুপারিশকৃত বই | 14 |
| অনুষ্ঠানাদি এবং কর্মকাণ্ডসমূহ | 18 |
| অনলাইনে পাঠ্য-উপকরণ খুঁজে নেয়া এবং সেগুলি পড়া | 19 |
| বাড়তি তথ্য-সংস্থানসমূহ | 21 |
| রিডিংয়ের সহায়ক অংশসমূহ | 22 |

# ভূমিকা

সাক্ষরতা বলতে বোঝায় কার্যকরভাবে পড়া, লেখা, কথা-বলা, এবং শোনার ক্ষমতা। এইসব দক্ষতা শিক্ষার্থীদেরকে স্পষ্টভাবে নিজেদেরকে প্রকাশ, অন্যদের কথা শোনা, জ্ঞান আহরণ এবং তাদের চারপাশের বিশ্বকে বুঝে ওঠায় সক্ষম করে।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) সকল শিক্ষার্থীকে তাদের সাক্ষরতার দক্ষতা গড়ে তোলা এবং তাদেরকে শক্তিশালী পাঠক তৈরির বিষয়টি নিশ্চিতকরণে নিবেদিত। বিশেষভাবে গ্রীষ্মকালীন মাসগুলিতে, পরিবারেরা বাড়িতে তাদের সন্তানের অব্যাহত সাক্ষরতা গড়ে তোলায় সহায়তা করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

## সামার রিডিং গুরুত্বপূর্ণ কেন?

- সকল শিক্ষার্থীর জন্য তাদের শব্দ-ভাণ্ডার বৃদ্ধি, স্বাচ্ছন্দ্যে পড়া, পড়ে বোঝা এবং তাদের পটভূমিমূলক জ্ঞান উন্নত করার ক্ষেত্রে প্রতিদিন পড়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়াও গ্রীষ্মে (সামারে) পড়া, শিক্ষার্থীদের পড়ার প্রতি ভালোবাসা গড়ে তুলতে সহায়তা করে।

- গবেষণায় দেখা যায় যে, যখন শিক্ষার্থীরা গ্রীষ্মে শিক্ষায়তনিক কর্মকাণ্ডে সম্পৃক্ত না হয়, তখন শিক্ষার্থীদের দুই মাস পর্যন্ত রিডিংয়ের (পঠন) দক্ষতা লোপ পেতে পারে। এটিকে অনেক সময় বলা হয় 'সামার স্লাইড বা গ্রীষ্মে পিছিয়ে পরা'। যখন তারা স্কুলে ফেরে, এইসব শিক্ষার্থী তাদের সহাপাঠীদের আরও পিছনে পড়ে যায়।

- এটি পরামর্শকৃত যে, শিক্ষার্থীরা প্রতিদিন পড়বে, কারণ স্কুল খোলা থাকার সময় যে পরিমাণ পাঠ্য তাদের জন্য লভ্য থাকে তা সামারে প্রতিদিন থাকছে না।

- গ্রীষ্মে (সামারে) প্রতি সপ্তাহে দুই থেকে তিন ঘন্টা রিডিং (পঠন) ও সাক্ষরতার দক্ষতা চর্চা করা শিক্ষার্থীদের গ্রীষ্মে পিছিয়ে পরা (সামার স্লাইড) এড়াতে এবং শিক্ষায়তনিক সফলতা বাড়াতে সহায়তা করতে পারে।

# এই গাইড কীভাবে ব্যবহার করবেন

| পরিবারবর্গ | স্কুলসমূহ |
|---|---|
| • আপনার সন্তানকে তার সাক্ষরতা দক্ষতা গড়ে তোলার সহায়তায় এই গাইডে প্রদত্ত রিসোর্সসমূহ পর্যালোচনা করুন<br>  ◦ বাড়িতে পড়ায় সহায়তা করার জন্য পরিবারদের জন্য পরামর্শ<br>  ◦ গ্রেড পরিসরে পরামর্শকৃত বইয়ের নাম<br>  ◦ বই এবং পাঠ্য উপকরণ খুঁজে নেবার সহায়-সঙ্গতি<br>  ◦ সাক্ষরতার উন্নতির সহায়তায় বাড়তি সহায়-সঙ্গতি<br>• আপনার সন্তান এবং আপনার সন্তানের স্কুলের সাথে গ্রীষ্মে পড়ার জন্য একটি লক্ষ্য নির্ধারণ করুন। নমুনার লক্ষ্যসমূহে থাকতে পারে:<br>  ◦ পড়ার জন্য বইয়ের সংখ্যা<br>  ◦ কত পৃষ্ঠা পড়বে সেই সংখ্যা<br>  ◦ পড়ায় নিয়োজিত সময়<br>  ◦ নতুন ধরনের লেখা এবং নতুন নতুন লেখক অন্বেষণ<br><br>**পরিবারের জন্য বার্তা: এই গাইডে প্রদত্ত বইয়ের নাম এবং ওয়েবসাইটসমূহ লাইব্রেরিয়ান এবং শিক্ষাবিষয়ক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরামর্শকৃত। আপনার সন্তানের বই বাছাইয়ে সক্রিয় অংশ নিন। এছাড়া, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে খোঁজ নিন তারা কোনো সুপারিশকৃত কিংবা আবশ্যক বইয়ের তালিকা উল্লেখ করেছেন কিনা।** | • পরিবারদের সাথে এই গাইডটি শেয়ার করুন।<br>  ◦ প্রিন্ট-করা কপি দিন এবং গুরুত্বপূর্ণ বছর-শেষের নোটিস এবং/অথবা রিপোর্ট কার্ডসমূহ বাড়িতে পাঠিয়ে দিন<br>  ◦ সামার রিডিং সম্পর্কিত স্কুলের প্রতিশ্রুতি পরিবারদেরকে জানিয়ে একটি ব্যক্তিগত বার্তাসহ গাইডবুক ইমেইল করুন<br>  ◦ আপনার স্কুলের ওয়েবসাইটে গাইডবুকটি আপলোড করুন যেন পরিবারেরা সহজে অনলাইনে তা দেখতে পায়<br>  ◦ আপনার স্কুলের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের সাথে গাইডবুকটি লিংক করুন<br>  ◦ আপনার ফ্যামিলি কোঅর্ডিনেটরের সাথে শেয়ার করুন যিনি গ্রীষ্মে বই পড়া বিষয়ে পরিবারদের আরও সহায়তা দিতে পারেন।<br>• সামারের সময় ফোন, ইমেইল, অথবা রিমোট কনফারেন্সের মাধ্যমে তাদের রিডিংয়ের লক্ষ্য জানতে শিক্ষার্থী এবং পরিবারদের সাথে যোগাযোগ রাখুন।<br>• একটি শেয়ারকৃত প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রীষ্মে বই পড়া বিষয়ে অনলাইন-আলোচনায় সংশ্লিষ্ট হোন; গ্রীষ্মে বই পড়া (সামার রিডিং) বিষয়ে সহপাঠীদের সাথে আলোচনা করতে শিক্ষার্থীদের জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করুন।<br>• যদি সম্ভব হয়, শিক্ষার্থী ও তাদের পরিবারদের নিয়মিতভাবে আপনার স্কুল লাইব্রেরিতে প্রবেশ করে বই ধার করা/ফেরত দেয়ার সুযোগ করে দিন। |

# পরিবার এবং অভিভাবকদের জন্য পরামর্শ

## সকল বয়সের গ্রুপের জন্য পরামর্শ

### ইতিবাচক পাঠাভ্যাসের দৃষ্টান্ত সৃষ্টি করুন

- আপনার সন্তানকে দেখতে দিন আপনি আনন্দলাভের জন্য পড়েন।
- আপনার পড়ার আনন্দ সন্তানের সাথে ভাগ করে নিন। আপনি কী পড়ছেন এবং কেন পড়ছেন সে বিষয়ে আলাপ করুন।
- আপনার রোজকার/সপ্তাহের সূচিতে পুরো পরিবার একসাথে বসে পড়ার কর্মসূচি যুক্ত করুন।
- স্থানীয় বইয়ের দোকান, অথবা অনলাইন বুকস্টোরে যান এবং এবং পরিবারের সবাই একসাথে বই কেনাকাটা করুন।
- পরিবারের সবাই একসাথে লাইব্রেরিতে যান; পড়ার জন্য বই বেছে নিতে একে অপরকে সাহায্য করুন।
- স্থানীয় বুকস্টোর অথবা লাইব্রেরিতে প্রিয় লেখকের দ্বারা বই পড়ার অনুষ্ঠানে যান। সম্ভব হলে, বইটি(গুলো) কিনুন এবং আপনার সন্তানকে লেখকের স্বাক্ষর সংগ্রহ করতে দিন অথবা বইটি লাইব্রেরি থেকে ধার নিন।
- বড় ছেলেমেয়েদেরকে ছোট ছেলেমেয়েদের পড়ে শোনাতে (ভাইবোন, কাজিন, পড়শি, পোষা পশুপাখি, এমনকি খেলনা প্রাণীও চমৎকার শ্রোতা হয়ে থাকে) উৎসাহ দিন।
- বইয়ের পাশাপাশি অন্যান্য উপকরণ পড়া অন্তর্ভুক্ত করুন; খবরের কাগজ ও ম্যাগাজিনও লভ্য রাখুন।

### বই নিয়ে আলোচনা করুন

- ডিনারে, অথবা অন্যান্য অনানুষ্ঠানিক সময়ে আপনার ছেলেমেয়ে যে বই পড়ছে, সেটার কথা জিজ্ঞেস করুন।
- বইগুলি নিয়ে গভীর আলোচনা করার জন্য পাঠ সম্পর্কিত প্রশ্ন করুন।
- পড়া ও বই নিয়ে আপনার ছোটবেলার স্মৃতিচারণ করুন। আপনার প্রিয় শিশুতোষ বইসমূহ ও লেখদের বিষয়ে, বই পড়া নিয়ে আপনার সমস্যার/সফলতার কথা, ইত্যাদি বলুন।
- আপনার সন্তানকে সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে সংবেদনশীল পদ্ধতিতে সহায়তা দিতে 'সাপোর্টিং রিডিং অ্যাট হোম' (বাড়িতে পাঠে সহায়তাদান) সহায়সঙ্গতি ব্যবহার করুন।

### আপনার সন্তানের আগ্রহের সাথে সামঞ্জস্যপূর্ণ বই দিন

- আপনার সন্তান কী পড়তে বেশি পছন্দ করে, সেটা লক্ষ্য করে তাকে সেই বিষয়/শ্রেণির আরো বই জোগাড় করে দিন।
- বইয়ের নাম পেতে শিক্ষক বা লাইব্রেরিয়ানকে জিজ্ঞেস করুন –তারা সাধারণত বিভিন্ন বয়সের ছেলেমেয়েদের উপযোগী নতুন ও জনপ্রিয় পাঠ সামগ্রীর খবর রাখেন।
- বইয়ের ট্রেইলার দেখতে, লেখকদের সাক্ষাৎকার দেখতে, নির্দিষ্ট কোনো বইয়ের প্রতি আপনার সন্তানের আগ্রহ পরিমাপ করতে Teachingbooks.net ব্যবহার করুন।

পরবর্তী পৃষ্ঠাসমূহে নির্দিষ্ট বয়সের গ্রুপের জন্য পরামর্শ এবং বইয়ের সুপারিশ দেয়া হলো:

- কিন্ডারগার্টেন – 2 গ্রেড
- 3-5 গ্রেড
- 6-8 গ্রেড
- 9-12 গ্রেড

# K-2 গ্রেডের জন্য পরামর্শ

## একে অন্যকে পড়ে শোনান

- আপনার সন্তানের প্রিয় গল্পগুলি তাকে পড়ে শোনান।
- সন্তানকে বলুন আপনাকে পড়ে শোনাতে। নতুন পাঠকদের জন্য একই বই বারবার পড়া স্বাভাবিক এবং লাভজনক। আপনি আপনার সন্তানকে একটা পৃষ্ঠা পড়ে শোনানর পর তাকে বলতে পারেন আপনাকে সেটা পড়ে শোনাতে। বিষয়টি আনন্দদায়ক রাখুন অথবা খেলায় পরিণত করুন।
- অক্ষরের নাম এবং অক্ষরগুলি যে ধ্বনি তৈরি করে সেগুলি চর্চা করুন। "তুমি এই পৃষ্ঠায় 'b' অক্ষরটি দেখতে পাচ্ছো কি? অক্ষরটি কোন ধ্বনি তৈরি করছে?"
- শব্দের মাঝে থাকা ধ্বনিগুলি নিয়ে সন্তানের সাথে অনুশীলন করুন। ছোটো ছেলেমেয়েরা অনেক সময় শব্দ যেসব ধ্বনি দিয়ে গঠিত তার সবগুলো ধ্বনি শুনতে পায় না। অন্ত্যমিলযুক্ত শব্দ ব্যবহার করুন: cat-> hat -> mat -> bat। আপনার সন্তানের সাথে শব্দ উচ্চারণ করে পড়ুন: "Where's your book? B-b-b--oooo-k."

## আপনার বাড়িতে পড়ার পরিবেশ তৈরি করুন।

- বাড়িতে পড়ার জন্য টিভি/কম্পিউটার/গেমস/ফোন থেকে মুক্ত একটি নিরিবিলি জায়গা ঠিক করুন। মেঝেতে বালিশ বা কুশন পেতে আপনার যে কোনো স্থানকে পড়ার স্থানে পরিণত করতে পারেন।
- সারা বাড়ি জুড়ে পড়ার সামগ্রী যেমন বইপত্র, ম্যাগাজিন, নিউজপেপার ইত্যাদি রাখুন যাতে তা ছেলেমেয়েদের নাগালের মধ্যে থাকে।
- পাবলিক পরিবহনে এবং কোথাও লাইনে দাঁড়িয়ে অপেক্ষা করতে হবে অনুমান করলে পড়ার জন্য সবসময় একটা বই আনবেন।
- বাড়িতে আপনার সন্তানকে তার বই রাখার জন্য একটি বিশেষ স্থান তৈরি করে দিন। উদাহরণ হিসেবে, কোনো বুকসেলফের একটি নির্দিষ্ট অংশ, তার রুমে কোনো একটি বাক্স অথবা বাড়ির কোনো নির্দিষ্ট স্থান ইত্যাদি।

# পরামর্শকৃত বই: K-2 গ্রেড

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| A Gift from Abuela | Cecilia Ruiz |
| All the Way to Havana | Margarita Engle |
| Blue Sky White Stars | Sarvinder Naberhaus |
| Carmela Full of Wishes | Matt de la Peña |
| Don't Let the Pigeon Drive the Bus | Mo Williams |
| Frog and Toad Together | Arnold Lobel |
| Golden Domes and Silver Lanterns: A Muslim Book of Colors | Hena Khan |
| I am Enough | Grace Byers |
| Last Stop on Market Street | Matt de la Peña |
| Llama Llama Red Pajama | Ann Dewdney |
| Malala's Magic Pencil | Malala Yousafzai |
| Monsoon Afternoon | Kashmira Sheth |
| Pete the Cat and his Four Groovy Buttons | Eric Litwin |
| Radiant Child: The Story of Young Artist Jean-Michel Basquiat | Javaka Steptoe |
| Sugar Hill: Harlem's Historic Neighborhood | Carole Boston Weatherford |
| The Undefeated | Kwame Alexander |
| Under my Hijab | Hena Khan |
| We are Grateful: Otsaliheliga | Traci Sorell |
| Where are You From? | Yamile Saied Méndez |
| You Hold Me Up | Monique Gray Smith |

# 3-5 গ্রেডের জন্য পরামর্শ

## একে অন্যকে পড়ে শোনান

- আপনার সন্তানের প্রিয় গল্পগুলি তাকে পড়ে শোনান।
- সন্তানকে বলুন আপনাকে পড়ে শোনাতে। তার পড়া শুনতে যদি কাটা কাটা মনে হয়, তাহলে পৃষ্টা(গুলো) বেশ কয়েকবার অনুশীলন করুন। আপনি প্রথমে আপনার সন্তানকে একটা পৃষ্ঠা পড়ে শোনানর পর তাকে বলতে পারেন আপনাকে সেটা পড়ে শোনাতে। বিষয়টি আনন্দদায়ক রাখুন অথবা খেলায় পরিণত করুন।
- যেখানেই যান না কেন উচ্চারণ করে পড়ার জন্য কোনো কিছু খুঁজে নিন: মেন্যু, বিজ্ঞাপন, ব্রোশিওর, সড়ক ও দোকানের নামফলক, বাস এবং সাবওয়ে মানচিত্র, ডাকে আসা কোনো ক্যাটালগ, বিনামূল্যের নিউজপেপার ইত্যাদি।

## আপনার বাড়িতে পড়ার পরিবেশ তৈরি করুন।

- বাড়িতে পড়ার জন্য টিভি/কম্পিউটার/গেমস/ফোন থেকে মুক্ত একটি নিরিবিলি জায়গা ঠিক করুন। মেঝেতে বালিশ বা কুশন পেতে আপনার যে কোনো স্থানকে পড়ার স্থানে পরিণত করতে পারেন।
- সারা বাড়ি জুড়ে পড়ার সামগ্রী যেমন বইপত্র, ম্যাগাজিন, নিউজপেপার ইত্যাদি রাখুন যাতে তা ছেলেমেয়েদের নাগালের মধ্যে থাকে।
- শিশুতোষ ম্যাগাজিনের গ্রাহক হোন এবং ম্যাগিাজিনটি সরাসরি আপনার সন্তানের কাছে পাঠিয়ে দিন। যখন সেটি হস্তগত হবে, তখন আগ্রহ দেখাবেন, যেমন, “তোমার প্রিয় নিবন্ধটি আমাকে দেখাও,” “সি লায়নের ওই ছবিটা আমার পছন্দ হয়েছে।” কিছু জনপ্রিয় ম্যাগাজিনের মধ্যে রয়েছে Highlights, Ranger Rick, Sports Illustrated for Kids এবং National Geographic Junior।
- পড়াকে শেখার মাধ্যম হিসেবে ব্যবহার করুন। উদাহরণস্বরূপ, আপনার সন্তান যদি ঘুড়ি ওড়ানোর ব্যাপারে আগ্রহী হয় তাহলে বাড়িতে ঘুড়ি বানানো বিষয়ে কোনো লেখা পড়ুন।
- আপনাদের কাছাকাছি থাকেন না এমন আত্মীয় ও বন্ধুদের বলুন আপনার সন্তানকে চিঠি লিখতে বা ইমেইল করতে।
- পাবলিক পরিবহনে এবং কোথাও লাইনে দাঁড়িয়ে অপেক্ষা করতে হবে অনুমান করলে পড়ার জন্য সবসময় একটা বই আনবেন।
- বাড়িতে আপনার সন্তানকে তার বই রাখার জন্য একটি বিশেষ স্থান তৈরি করে দিন। উদাহরণস্বরূপ, কোনো বুকশেলফের একটি নির্দিষ্ট অংশ, তার রুমে একটি বাক্স ইত্যাদি।

# সুপারিশকৃত বই: 3-5

| বইয়ের নাম | লেখক |
| --- | --- |
| 28 Days: Moments in Black History that Changed the World | Charles R. Smith, Jr. |
| Alvin Ho: Allergic to the Great Wall, the Forbidden Palace, & Other Tourist Attractions | Lenore Look |
| Amal Unbound | Aisha Saeed |
| Ana Maria Reyes Does Not Live in a Castle | Hilda Eunice Burgos |
| Anacaona: The Golden Flower Queen (La reina flor de oro) | Viviana S. Torres |
| Aru Shah and the End of Time | Roshani Chokshi |
| As Brave As You | Jason Reynolds |
| At the Mountain's Base | Traci Sorell |
| Auntie Luce's Talking Paintings | Francie Latour |
| Better Nate Than Ever | Tim Federle |
| Blended | Sharon M. Draper |
| Bravo!: Poems About Amazing Hispanics | Margarita Engle |
| Buffalo Bird Girl: A Hidatsa Story | S.D. Nelson |
| Charlie Hernández and the League of Shadows | Ryan Calejo |
| Charlotte's Web | E.B. White |
| Chef Roy Choi and the Street Food Remix Jacqueline Briggs Martin and June Jo Lee Count Me In | Varsha Bajaj |
| Crossing Bok Chitto: A Choctaw Tale of Friendship and Freedom | Tim Tingle |
| Cute as an Axolotl | Jess Keating |
| Dara Palmer's Major Drama | Emma Shevah |

| | |
|---|---|
| Dear Primo: A Letter to My Cousin | Duncan Tonatiuh |
| Dog Man | Dav Pillkey |
| Don't Feed the Geckos! | Karen English |
| Donovan's Big Day | Lesléa Newman |
| Drawn Together | Minh Lê |
| Dreamers | Yuyi Morlaes |
| El Deafo | Cece Bell |
| Escape from Syria | Samya Kullab |
| Finding Langston | Lesa Cline-Ransome |
| Germs: Fact and Fiction, Friends and Foes | Lesa Cline-Ransome |
| Grand Canyon | Jason Chin |
| Hidden Figures: The True Story of Four Black Women and the Space Race | Margot Lee Shetterly |
| I am Jazz | Jessica Herthel & Jazz Jennings |
| Indian Shoes | Cynthia Leitich Smith |
| Jada Jones: Rock Star | Kelly Starling Lyons |
| Juana and Lucas | Juana Medina |
| Lark and the Dessert Disaster | Natasha Deen |
| Love | Matt de la Peña |
| Mama's Nightingale: A Story of Immigration and Separation | Edwidge Danticat |
| Merci Suarez Changes Gears | Meg Medina |
| Muskrat Will Be Swimming | Cheryl Savageau |
| My Story, My Dance: Robert Battle's Journey to Alvin Ailey | Lesa Cline-Ransome |

| | |
|---|---|
| Our House is on Fire: Greta Thunberg's Call to Save the Planet | Jeanette Winter |
| Out of My Mind | Sharon M. Draper |
| Planting Stories: The Life of Librarian and Storyteller Pura Belpré | Anika Aldamuy Denise |
| Poison: Deadly Deeds, Perilous Professions, and Murderous Medicines | Sarah Albee |
| Separate is Never Equal: Sylvia Mendez and Her Family's Fight for Desegregation | Duncan Tonatiuh |
| Talking Leaves | Joseph Bruchac |
| The Adventures of Captain Underpants | Dav Pilkey |
| The Nian Monster | Andrea Wang |
| The One and Only Ivan | Katherine Applegate |
| The People Shall Continue: 40th Anniversary Special Edition | Simon J. Ortiz |
| The Roots of Rap: 16 Bars on the 4 Pillars of Hip-Hop | Carole Boston Weatherford |
| The Story that Cannot be Told | J. Kasper Kramer |
| The Turtle of Oman: A Novel by Naomi Shihab Nye | Naomi Shihab Nye |
| Young, Gifted and Black | Jamia Wilson |
| The Witch Boy | Molly Knox Ostertag |
| Tiny Stitches: The Life of Medical Pioneer Vivien Thomas | Gwendowlyn Hooks |
| Two Naiomis | Olugbemisola Rhuday-Perkovich and Audrey Vernick |
| When the Sea Turned to Silver | Grace Lin |
| Where the Mountain Meets the Moon | Grace Lin |
| Wonder | R.J. Palacio |

# 6-8 গ্রেডের জন্য পরামর্শ

## একে অন্যকে পড়ে শোনান

- আপনার সন্তানকে একটি বই আপনাকে পড়ে শোনাতে বলুন। যদি তাদের গররাজি মনে হয়, তাহলে তাদেরকে তাদের বইয়ের ছোট একটি অংশ যেমন অনুচ্ছেদ বা পৃষ্ঠা পড়তে বলুন।
- খবরের কাগজ, ম্যাগাজিন, অথবা অনলাইন সাইটগুলো থেকে কৌতূলহলোদ্দীপক নিবন্ধ পড়ে শোনান। “এটা শোনো, মেয়র মনে করছেন আমাদের উচিত…”
- আপনার প্রাত্যহিক/সাপ্তাহিক সূচি, যেমন থালা-বাটি ধোয়া, রান্না করা ইত্যাদির সময়ে এসব পড়ে শোনানো অন্তর্ভুক্ত করুন।
- আপনি বাড়িতে নতুন কোনো আসবাব-পত্র জোড়া দেয়ার সময় ইনস্ট্রাকশনাল ম্যানুয়াল উচ্চারণ করে পড়ুন, অথবা আপনার সন্তানকে বলুন ওটা আপনাকে পড়ে শোনাতে।

## কিশোর-কিশোরীদের পড়া ও সামাজিক মেলামেশার সময়ের মধ্যে ভারসাম্য আনতে সাহায্য করুন

- প্রতি রাতে কিছুটা আলাদা সময় বরাদ্দ করুন যা শুধু পড়ার জন্য ব্যয় করা হবে (টিভি ও ফোন বন্ধ করে দিন)।
- পড়ার সময় ঠিক করতে আপনার সন্তানের সাথে মিলে একটি সূচি তৈরি করুন (উদাহরণস্বরূপ, বাসে করে কারাতে লেসন নিতে যাওয়ার সময়টা পড়ার জন্য দারুণ)।
- কোনো বইয়ের বেশ কয়েকটা কপি কিনে আপনার সন্তানকে বলুন তার সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধুদের নিয়ে একসাথে পড়তে।

## আপনার বাড়িতে পড়ার পরিবেশ তৈরি করুন

- বাড়িতে পড়ার জন্য টিভি/কম্পিউটার/গেমস/ফোন থেকে মুক্ত একটি নিরিবিলি জায়গা ঠিক করুন। মেঝেতে বালিশ বা কুশন পেতে আপনার যে কোনো স্থানকে পড়ার স্থানে পরিণত করতে পারেন।
- সারা বাড়ি জুড়ে পড়ার সামগ্রী যেমন বইপত্র, ম্যাগাজিন, নিউজপেপার ইত্যাদি রাখুন যাতে তা ছেলেমেয়েদের নাগালের মধ্যে থাকে।
- পড়াকে শেখার মাধ্যম হিসেবে ব্যবহার করুন। কথাবার্তায় সাধারণভাবে এসে পড়ে এমন বিষয়গুলো নিয়ে গবেষণা করুন ও পড়ুন।
- আপনাদের কাছাকাছি থাকেন না এমন আত্মীয় ও বন্ধুদের বলুন আপনার সন্তানকে চিঠি লিখতে বা ইমেইল করতে।
- পাবলিক পরিবহনে এবং কোথাও লাইনে দাঁড়িয়ে অপেক্ষা করতে হবে অনুমান করলে আপনার সন্তানকে পড়ার জন্য একটা বই সাথে নেয়ার বিষয়টি মনে করিয়ে দেবেন।
- যদি কোথাও ভ্রমণে যান স্মৃতিচিহ্ন হিসেবে স্যুভেনির (স্মারক) বুকমার্ক কিনুন (ওগুলি সস্তা এবং বই পড়ায় উৎসাহিত করে) এবং/অথবা অধিকাংশ বইয়ের দোকানে বিনামূল্যে দেয়াগুলো নিতে পারেন।

# সুপারিশকৃত বই: 6-8

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| Above and Beyond: NASA's Journey to Tomorrow | Olugbemisola Rhuday-Perkovich |
| Ahimsa | Supriya Kelkar |
| Amina's Voice | Hena Khan |
| Booked | Kwame Alexander |
| Brown Girl Dreaming | Jacqueline Woodson |
| Cat Girl's Day Off | Kimberly Pauley |
| Dactyl Hill Squad | Daniel Jose Older |
| Danny Blackgoat: Dangerous Passage | Tim Tingle |
| Dear America: The Story of an Undocumented Citizen (Young Readers Edition) | Jose Antonio Vargas |
| Diary of a Wimpy Kid | Jeff Kinney |
| Dragon Pearl | Yoon Ha Lee |
| Drowned City: Hurricane Katrina & New Orleans | Don Brown |
| Each Tiny Spark | Pablo Cartaya |
| Echo | Pam Muñoz Ryan |
| Escape from Aleppo | N.H. Senzai |
| Esperanza Rising | Pam Muñoz Ryan |
| Fatty Legs | Christy Jordan-Fenton & Margaret Pokiak-Fenton |
| Fault Lines in the Constitution | Cynthia Levinson & Sanford Levinson |
| Flying Lessons & Other Stories | Ellen Oh |

| | |
|---|---|
| For Black Girls Like Me | Mariama J. Lockington |
| Front Desk | Kelly Yang |
| Gaawin Gindaaswin Ndaawsi (I Am Not a Number) | Jenny Kay Dupuis and Kathy Kacer |
| George | Alex Gino |
| Ghost | Jason Reynolds |
| Harbor Me | Jacqueline Woodson |
| How I Became a Ghost: A Choctaw Trail of Tears Story | Tim Tingle |
| How to be an American: A Field Guide to Citizenship | Silvia Hidalgo |
| I Lived on Butterfly Hill | Marjorie Agosin |
| In the Footsteps of Crazy Horse | Joseph Marshall III |
| Inside Out and Back Again | Thanhha Lai |
| It Ain't So Awful, Falafel | Firoozeh Dumas |
| Ivy Aberdeen's Letter to the World | Ashley Herring Blake |
| Just Like Jackie | Lindsey Stoddard |
| Katana at Superhero High (DC Superhero Girls) | Lisa Yee |
| Look Both Ways: A Tale Told in Ten Blocks | Jason Reynolds |
| Lucky Broken Girl | Ruth Behar |
| Marcus Vega Doesn't Speak Spanish | Pablo Cartaya |
| Maximilian and the Lucha Libre Club: A Bilingual Lucha Libre Thriller | Xavier Garza |
| New Kid | Jerry Craft |
| One Last Word | Nikki Grimes |

| | |
|---|---|
| Other Words for Home | Jasmine Warga |
| Pashmina | Nidhi Chanani |
| Piecing Me Together | Renee Watson |
| Race to the Sun | Rebecca Roanhorse |
| Raymie Nightingale | Kate DiCamillo |
| Roll with It | Jamie Sumner |
| Rooting for Rafael Tosales | Kurtis Scaletta |
| The Crossover | Kwame Alexander |
| The Epic Fail of Arturo Zamora | Pablo Cartaya |
| The First Rule of Punk | Celia Perez |
| The Great American Dustbowl | Don Brown |
| The Hero Next Door | Olugbemisola Rhuday-Perkovich (editor) |
| The Land of Stories: The Wishing Spell | Chris Colfer |
| The Lightning Thief (Percy Jackson and the Olympians, Book 1) | Rick Riordan |
| The Skin I'm In | Sharon Flake |
| The Stars Beneath Our Feet | David Barclay Moore |
| The Truth as Told | Mason Buttle |
| They Called Us Enemy | George Takei with Justin Eisenger and Steven Scott |

# 9-12 গ্রেডের জন্য পরামর্শ

## হাই স্কুল শিক্ষার্থীদের পড়া ও সামাজিক মেলামেশার সময়ের মধ্যে ভারসাম্য আনতে সাহায্য করুন

- ছেলেমেয়েদের বিভিন্ন ধরনের সামাজিক গণমাধ্যম উপকরণ যেমন গুডরিডস ব্যবহার করতে উৎসাহ দিন যেখানে তারা যে-ধরনের বই পছন্দ করে সে-ধরনের পছন্দের মানুষদের সঙ্গে সংযুক্ত হতে এবং তারা যেসব বই পড়ছে সেগুলো সম্পর্কে নিজেদের মতামত বিনিময় করতে পারে।
- পড়া নিয়ে আপনাদের আলোচনা ইতিবাচক রাখুন; আপনার ছেলেমেয়েদের চাপ দেবেন না কিংবা তাদের পছন্দের বইয়ের সমালোচনা করবেন না।
- কিছু জনপ্রিয় কিশোর-বয়সীদের উপযোগী বই পড়ুন এবং আপনার কিশোর-কিশোরী ছেলেমেয়ের সাথে আলোচনা করুন; এটি স্পর্শকাতর বিষয়গুলো নিয়ে কথা বলার জন্য একটি চমৎকার উপায় হতে পারে।
- আপনার সন্তানকে তার বিশেষ পছন্দের বিষয়গুলো নিয়ে ব্যাপক ও গভীর পড়াশোনা করে সে বিষয়ে একজন বিশেষজ্ঞ হতে উৎসাহিত করুন।
- আপনার ছেলেমেয়েরা নিজেরাই পড়তে সক্ষম এই কারণে জোরে পড়া বন্ধ করবেন না, উভয়েই পছন্দ করেন এমন কিছু একে অন্যকে পড়ে শোনানো সম্প্রীতির দারুণ একটি অভিজ্ঞতা হতে পারে।
- ছেলেমেয়েদের মনে করিয়ে দিন পুরনো বইয়ের দোকানগুলো হচ্ছে অদ্ভুত, সস্তা বই কেনার জন্য চমৎকার জায়গা।
- আপনার ছেলেমেয়েদের বলুন তারা যেসব বই পড়েছে সেগুলোর অনলাইন রিভিউ লিখতে যাতে অন্যান্য পাঠকের বুঝতে সুবিধা হয়, বইগুলো তাদের জন্য যথাযথ কিনা। তারা অ্যামাজনে রিভিউ লিখতে, অথবা ইউটিউবে বুক রিভিউ সিরিজের উপর “ভ্লগিং” (ভিডিও ব্লগিং) চালু করতে পারে।
- আপনার সন্তানকে অডিও বই শুনতে উৎসাহিত করুন। যদিও এটি ঠিক “বই পড়া” নয়, তবে এটি বিভিন্ন ধরনের সাহিত্য ও লেখককের প্রতি “আকৃষ্ট” হওয়ার একটি দারুণ উপায়।
- কিশোর-কিশোরীদেরকে কোনো, স্থানীয় শাখা লাইব্রেরি, বইয়ের দোকান, অথবা আর্ট স্পেইসে পোয়েট্রি স্ল্যাম-এর মত সামাজিক অনুষ্ঠান কিংবা কিশোর-কিশোরীদের বুক ক্লাব খুঁজে পেতে সাহায্য করুন।
- আপনার সন্তানকে তার নিজস্ব বুক ট্রেইলার তৈরি করতে বিভিন্ন অনলাইন উপকরণ যেমন অ্যানিমোটো ব্যবহার করতে উৎসাহিত করুন।

# সুপারিশকৃত বই: 9-12

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| A Map of Days (the Fourth Novel of Miss Peregrine's Peculiar Children) | Ransom Riggs |
| All American Boys | Brandon Kiely and Jason Reynolds |
| Anne Frank: The Diary of a Young Girl | Anne Frank |
| Aristotle and Dante Discover the Secrets of the Universe | Benjamin Alire Saenz |
| Becoming | Michelle Obama |
| Black Enough: Stories of Being Young & Black in America | Editor: Ibi Zoboi |
| Children of Blood and Bone (Legacy of Orisha Book 1) | Tomi Adeyemi |
| Dear Martin | Nic Stone |
| Enchanted Air | Margarita Engle |
| Fire Starters | Jen Storm |
| First People: An Illustrated History of American Indians | David King |
| From Twinkle, with Love | Sandhya Menon |
| Gabi, a Girl in Pieces | Isabel Quintero |
| Good Enough | Jen Petro-Roy |
| Here to Stay | Sara Farizan |
| Him Standing | Richard Wagamese |
| House of Purple Cedar | Tim Tingle |
| Hurricane Child | Kacen Callender |
| I am Malala: How One Girl Stood Up for Education and Changed the Word (Young Readers Edition) | Malala Yousafzai with Patricia McCormick |

| | |
|---|---|
| Jackpot | Nic Stone |
| Jim Thorpe, Original All-American | Joseph Bruchac |
| Killer of Enemies | Joseph Bruchac |
| Lights, Camera, Disaster | Erin Dionne |
| March: Books 1-3 | Congressman John Lewis and Andrew Aydin |
| Miles Morales: Spider-Man | Jason Reynolds |
| More Happy Than Not | Adam Silvera |
| Narrative of the Life of Frederick Douglass | Frederick Douglass |
| On the Come Up | Angie Thomas |
| Pemmican Wars: A Girl Called Echo | Katherena Vermette |
| Pride | Ibi Zoboi |
| Putting Makeup on the Fat Boy | Bil Wright |
| Rebel Seoul | Axie Oh |
| Refugee | Alan Gatz |
| Scythe | Neal Schusterman |
| Shadowshaper | Daniel Jose Older |
| The 57 Bus: A True Story of Two Teenagers and the Crime that Changed their Lives | Dashka Slater |
| The Arrival | Shaun Tan |
| The Bridge Home | Padma Venkatraman |
| The Disappearing Spoon (Young Readers Edition) | Sam Kean |
| The Education of Margot Sanchez | Lilliam Rivera |

| | |
|---|---|
| The Fault in Our Stars | John Green |
| The Hate U Give | Angie Thomas |
| The Hunger Games | Suzanna Collins |
| The Living | Matt de la Peña |
| The Love and Lies of Rukhsana Ali | Sabrina Khan |
| The Night Diary | Veera Hiranandani |
| The Outsiders | S.E. Hinton |
| The Porcupine of Truth | Bill Konigsberg |
| The Shadow Hero | Gene Luen Yang and Sonny Liew |
| The Sun is Also a Star | Nicola Yoon |
| To Kill a Mockingbird | Harper Lee |
| Us in Progress: Short Stories About Young Latinos | Lulu Delacre |
| Warcross | Marie Lu |
| We are Okay | Nina LaCour |
| We Too Sing America: South Asian, Arab, Muslim, and Sikh Immigrants Shape our Multiracial Future | Deepa Lyer |
| When Dimple Met Rishi | Sandhya Menon |
| When I was the Greatest | Jason Reynolds |
| Yaqui Delgado Wants to Kick Your Ass | Meg Medina |

# অনুষ্ঠানাদি এবং কর্মকাণ্ডসমূহ

## সামার রিডিং চ্যালেঞ্জসমূহ (গ্রীষ্মে বই পড়ার উদ্যোগসমূহ)

**নিউ ইয়র্ক স্টেট অ্যাসেমব্লি-এর 2023 সামার রিডিং চ্যালেঞ্জ**

জুলাই এবং অগাস্ট মাসে কমপক্ষে 40 দিনের জন্য প্রতিদিন ন্যূনতম 15 মিনিট করে পড়ার পণ করুন!

এই চ্যালেঞ্জটি নিউ ইয়র্ক লাইব্রেরিসমূহের প্রোগ্রাম সামার রিডিংয়ের সহযোগিতায় অনুষ্ঠিত হয়।

সামার রিডিং চ্যালেঞ্জ

**নিউ ইয়র্ক টাইমস্-এর 14 তম বার্ষিক সামার রিডিং চ্যালেঞ্জ**

9 জুন থেকে 18 অগাস্ট পর্যন্ত মিডল্ এবং হাই স্কুল শিক্ষার্থীগণ তারা কী পড়েছে তা শেয়ার করার জন্য আমন্ত্রিত হয়।

সামার রিডিং কনটেস্ট (গ্রীষ্মকালীন বই পড়ার প্রতিযোগিতা)

**NYC পাবলিক লাইব্রেরির অনুষ্ঠান এবং কর্মকাণ্ডসমুহ**

ব্রুকলিন, ম্যানহ্যাটন, ব্রংক্স, স্ট্যাটেন আইল্যান্ড, এবং কুইন্সের স্থানীয় পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠিত বিভিন্ন ভার্চুয়্যাল অনুষ্ঠান,বুক লিস্ট এবং আনন্দদায়ক কর্মকাণ্ডের পরামর্শ বিষয়ে জানুন যা তৈরি করা হয় আপনার কল্পনা শক্তিকে উজ্জীবিত করার উদ্দেশ্যে।

NYC পাবলিক লাইব্রেরিসমুহের সামার রিডিং

**লেয়েনডো এন কাসা (Leyendo en Casa)**

লিটারেসি পার্টনারগণ (সাক্ষরতা অংশীদারগণ) সন্তানদের রিডিংয়ের প্রতি ভালোবাসা কীভাবে বৃদ্ধি করতে পারেন, সেই বিষয়ে স্প্যানিশ ভাষাভাষী পরিবারদেরকে একটি ভার্চুয়্যাল কর্মশালায় আমন্ত্রণ জানান।

লেয়েনডো এন কাসা (Leyendo en Casa)

# অনলাইনে পাঠ্য-উপকরণ খুঁজে নেয়া এবং সেগুলি পড়া

## সিটিব্যাপী ডিজিটাল লাইব্রেরি - SORA

শিক্ষার্থীরা তাদের NYCPS লগইন পরিচিতি ব্যবহার করে বিনামূল্যে ই-বই, অডিওবই, এবং ম্যাগাজিন পড়তে পারে। তারা তাদের অনুসন্ধান সর্বাধিক করতে তাদের অ্যাকাউন্টের সাথে একটি পাবলিক লাইব্রেরি কার্ড যোগ করতে পারে।

## সিটিব্যাপী ডিজিট্যাল লাইব্রেরি - SORA সংগ্রহ

শিক্ষার্থীরা বিনামূল্যে গ্রেড স্তরের গোপন কণ্ঠ/মোজাইক লিস্ট এবং অন্যান্য প্রতিপাদ্য বা থিম এবং বিষয়-সংগ্রহের সুবিধা পেতে পারে।

## ব্রুকলিন পাবলিক লাইব্রেরি

লাইব্রেরি কার্ড ব্যবহার করে সকল NYC অধিবাসী বিনামূল্যে ই-বুক এবং অন্যান্য তথ্য-উপকরণ সুবিধা পেতে পারেন। শিক্ষার্থীগণ এবং পরিবারবর্গ **bklynlibrary.org** -এর মাধ্যমে একটি বিনামূল্যের কার্ডের জন্য আবেদন করতে পারেন। আপনি ক্লাউড লাইব্রেরি -এর মাধ্যমেও বিভিন্ন বই এবং অন্যান্য তথ্য-উপকরণ পেতে পারেন।

## অ্যামাজন থেকে বিনামূল্যে কমিকস্ বই

শিক্ষার্থীরা অ্যামাজন-এ বিনামূল্যে বিভিন্ন কমিক বইও পড়তে পারে, যেমন দ্যা অ্যাভেঞ্জারস্ এবং ব্ল্যাক প্যানথার।

## গেইল ড্যাটাবেইজ

শিক্ষার্থীরা এই ড্যাটাবেইজে গিয়ে খুঁজে নিতে পারে জনপ্রিয় নিউজপেপার এবং ম্যাগাজিনের বিভিন্ন লেখা।

## MyON

মাইঅন (MyOn) একটি ডিজিটাল লাইব্রেরি যেখানে 8,000-এর অধিক বইয়ের সংগ্রহ রয়েছে। তারা বাড়িতে কীভাবে মাইঅন (MyOn) ব্যবহার করা যেতে পারে সে বিষয়ে পরিবারদের জন্য সামার লার্নিং সিরিজের আয়োজন করছে।

## নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি (NYPL)

লাইব্রেরি কার্ড ব্যবহার করে NYC-র সকল অধিবাসী বিনামূল্যে ই-বুক এবং অন্যান্য তথ্য-উপকরণ পেতে পারেন। শিক্ষার্থীগণ এবং পরিবারবর্গ **nypl.org** -এর মাধ্যমে একটি বিনামূল্যের কার্ডের জন্য আবেদন করতে পারেন। আপনি ক্লাউড লাইব্রেরি -এর মাধ্যমেও বিভিন্ন বই এবং অন্যান্য তথ্য-উপকরণ পেতে পারেন।

[ন্যাশনাল জিওগ্রাফিক কিডস্]
ন্যাশনাল জিওগ্রাফিক ম্যাগাজিন ফর কিডস্ থেকে বিজ্ঞান এবং সোশ্যাল স্টাডিজ বিষয়ে নন-ফিকশন লেখা বিনামূল্যে পড়ার সুবিধা।


**Newsela**
শিক্ষার্থীরা চলমান ঘটনাবলী, ইতিহাস, সংস্কৃতি, এবং বিজ্ঞানের পাশাপাশি কিছু কল্পকাহিনীসহ বিভিন্ন ধরনের লেখা পড়তে পারে। যদি আপনার সন্তানের তার স্কুলের মাধ্যমে এখনও পর্যন্ত কোনো প্রবেশাধিকার না থাকে, তাহলে তার শিক্ষক অথবা অভিভাবকের একটি অ্যাকাউন্ট বানিয়ে কোড শেয়ার করতে হবে।

পোয়েমস্ ফর কিডস্
বিভিন্ন ধরনের কবিতা বিনামূল্যে পড়ার সুযোগ।

কুইন্স পাবলিক লাইব্রেরি
লাইব্রেরি কার্ড ব্যবহার করে NYC-র সকল অধিবাসী বিনামূল্যে ই-বুক এবং অন্যান্য তথ্য-উপকরণ পেতে পারেন। শিক্ষার্থীগণ এবং পরিবারবর্গ **queenslibrary.org** -এর মাধ্যমে একটি বিনামূল্যের কার্ডের জন্য আবেদন করতে পারেন। আপনি ক্লাউড লাইব্রেরি -এর মাধ্যমেও বিভিন্ন বই এবং অন্যান্য তথ্য-উপকরণ পেতে পারেন।

স্মিথসোনিয়ান টুইন ট্রিবিউন
চলমান ঘটনাবলী, ইতিহাস, শিল্পকলা, সংস্কৃতি এবং বিজ্ঞান বিষয়ের লেখা বিনামূল্যে পাওয়ার সুযোগ।

স্পোর্টস ইলাস্ট্রেটেড কিডস্
স্পোর্টস্ ইলাস্ট্রেটেড ফর কিডস্ থেকে স্পোর্টস্ বিষয়ের বিভিন্ন লেখা বিনামূল্যে পাওয়ার সুযোগ।



# বাড়তি তথ্য-উপকরণ

## রিডিং - এলিমেন্টারি

রিডিং 101: এ গাইড ফর প্যারেন্টস্ (পিতামাতাদের জন্য একটি গাইড) - রিডিং রকেটস্
শিক্ষার্থীদরকে পাঠক, লেখক, এবং শিক্ষার্থী হিসেবে বেড়ে-ওঠার সহায়তায় বিভিন্ন পথ দেখায়।

বাড়িতে আপনার ছেলেমেয়কে পড়তে সহায়তা করা
আপনার সন্তানের ভিত্তিমূলক রিডিং (পঠন) দক্ষতা অনুশীলনে সহায়তা করতে সহজ অনুসরণযোগ্য নির্দেশনা প্রদান করে।

বহুল-ব্যবহৃত শব্দসমূহ শিক্ষাদানের জন্য একটি নতুন মডেল - রিডিং রকেট
বহুল-ব্যবহৃত শব্দাবলী শিক্ষায় কীভাবে “পুনর্ভাবনা” করতে হবে সেটি শিখুন।

লেটস্ লার্ন - থর্টিন (Thirteen)  PBS
বহুল-ব্যবহৃত শব্দাবলী শিক্ষায় কীভাবে “পুনর্ভাবনা” করতে হবে সেটি শিখুন।

Sesame Street (সেসেমি স্ট্রিট)
আরও অনুসন্ধানের জন্য শিক্ষার্থীদের অনুসন্ধিৎসু, আত্মপ্রত্যয়ী, এবং উজ্জীবিত রাখতে সহায়তা করার জন্য বিভিন্ন গেম এবং গল্পের বই প্রদান করে।

প্রি-K - 3 গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতার জন্য রিডিং বিষয়ে পরামর্শ-পত্র
লভ্য 13-টি ভাষায় পিতামাতাদের জন্য পরামর্শ প্রদান করে।

উচ্চারণ করে পড়ার রুটিনসমূহ
পিতামাতাদেরকে তাদের সন্তানের সাথে অনুসরণের জন্য একটি রুটিন প্রদান করে। স্প্যানিশ ভাষায় পাওয়া যায়।

## রাইটিং (লিখন) - সকল গ্রেড

আপনার সন্তানকে লেখায় উৎসাহ দেয়ার 7-টি উপায় - রিডিং রকেটস্
ছেলেমেয়েদের লেখায় উৎসাহ দিতে সৃজনশীল কৌশল আবিষ্কার করুন।

নিউ ইয়র্ক টাইমস্ রাইটিং প্রম্পটস্
ছেলেমেয়েদের লেখায় উৎসাহিত করতে 144 প্রম্পট্ (অনুকরণীয় নির্দেশনা)।

বুক রিভিউ ফর্ম - NYPL
এই সামারে আপনি যে বইগুলি পড়বেন সেগুলিকে মান অনুযায়ী তালিকাভুক্ত করুন এবং পর্যালোচনা লিখুন।

# পাঠ-এর উপাদানসমূহ: ধ্বনিতাত্ত্বিক সচেতনতা এবং ধ্বনির সাথে বর্ণের সম্পর্ক

পাঠ্য বিষয় পড়া ছাড়াও, আপনি আপনার সন্তানকে তার ভাষার উন্নতি, ধ্বনির সাথে বর্ণের সম্পর্ক নির্ণয়, শব্দের অংশসমূহ এবং শব্দাবলী পড়তে ধ্বনির মিশ্রণ, নতুন শব্দ শেখা, শব্দ লেখা এবং বোঝার জন্য পড়ায় সহায়তা দিতে পারেন। একজন শক্তিশালী পাঠক হয়ে উঠতে এইসব দক্ষতা জরুরি। এই সেকশনে, রিডিংয়ের প্রতিটি অংশের সহায়তায় পরিবারেরা তথ্য-উপকরণ এবং বিভিন্ন কর্মকাণ্ড খুঁজে নিতে পারেন।

| পাঠ-এর উপাদানসমূহ | তথ্য-উপকরণ ও কর্মকাণ্ডসমূহ |
| --- | --- |
| **একই ধ্বনির ভিন্ন রূপ সম্পর্কিত ধারণা - কথা-বলা, শোনা, চিনতে পারা এবং 40–44টি উচ্চারিত ধ্বনির (যা ধ্বনির ক্ষুদ্রতম একক, এবং যাকে বলা হয় কথা নির্মাণের অংশ) বিভিন্ন ব্যবহার যা দিয়ে ইংরেজি ভাষা তৈরি।** | প্রিস্কুল অথবা এলিমেন্টারি ক্লাসরুমের কর্মকাণ্ড \| রিডিং রকেটস্<br>ধ্বনির বিভিন্ন রূপের সচেতনতা গড়ে তোলার সহায়তায় পরামর্শ প্রদান করে।<br><br>সিলেবল এবং ছন্দ অনুশীলন \| রিডিং রকেটস্<br>প্রাথমিক সাক্ষরতা দক্ষতা গড়ে তুলতে বিভিন্ন কর্মকাণ্ড প্রদান করে।<br><br>ধ্বনির বিভিন্ন রূপের সচেতনতা গড়ে তুলতে ধ্বনি নিয়ে খেলা: আপনার প্রি-K এবং কিন্ডারগার্টেন শিক্ষার্থীর জন্য কর্মকাণ্ড \| রিডিং রকেটস্<br>কথ্য ভাষায় ধ্বনি শুনতে, চিনতে, এবং সেগুলি নিয়ে খেলার জন্য বিভিন্ন কর্মকাণ্ড প্রদান করে।<br><br>ধ্বনির বিভিন্ন রূপের সচেতনতা গড়ে তুলতে ধ্বনি নিয়ে খেলা: আপনার প্রথম গ্রেডের শিক্ষার্থীর জন্য কর্মকাণ্ড \| রিডিং রকেটস্<br>ধ্বনির বিভিন্ন রূপের সচেতনতা গড়ে তোলার সহায়তায় কথায় ধ্বনির কর্মকাণ্ড প্রদান করে।<br><br>শব্দ/বানানের বক্স \| ক্লাসরুমের কৌশল \| রিডিং রকেটস্<br>শব্দকে ধ্বনিতে ভাগ করতে শিক্ষার্থীকে সহায়তাদানে কীভাবে ধ্বনির বক্সগুলি (প্রিন্টসহ বা প্রিন্ট ছাড়া) ব্যবহার করতে হয় তা ব্যাখ্যা দেয় এবং প্রদর্শন করে। |
| **ফোনিক্স - কীভাবে বর্ণ ধ্বনির প্রতিনিধিত্ব করে সেটি জানার দক্ষতা, কীভাবে শব্দের পাঠোদ্ধার করতে এবং কীভাবে সেগুলির বানান মনে রাখতে হয়।** | শব্দ ভাঙ্গা এবং জোড়া লাগানোর গেম \| ক্লাসরুমের কৌশল \| রিডিং রকেটস্<br>শিক্ষার্থীদেরকে ধ্বনির মিশ্রণ এবং পড়া এবং বানান করার সময় শব্দকে ভাগ করার জ্ঞান ব্যবহারের সহায়তায় কর্মকাণ্ড প্রদান এবং সেগুলি প্রদর্শন করে।<br><br>সাধারণ ধ্বনিবিষয়ক অনুশীলনীর কর্মকাণ্ড<br>ধ্বনিবিষয়ক দক্ষতা শক্তিশালী করতে ফ্ল্যাশকার্ড, গেম এবং অন্যান্য কর্মকাণ্ড প্রদান করে।<br><br>K-2 গ্রেডের শিক্ষার্থীদের জন্য রিডিংয়ের স্তর<br>K -2 পরিবারের জন্য ধ্বনিবিষয়ক দক্ষতা শক্তিশালী করতে ফ্ল্যাশকার্ড, গেম এবং অন্যান্য কর্মকাণ্ড প্রদান করে। |

# পাঠ-এর উপাদানসমূহ: সাবলীলতা, শব্দভাণ্ডার বা ভোকাব্যুলারি, এবং বোঝার ক্ষমতা

| পাঠ-এর উপাদানসমূহ | তথ্য-উপকরণ ও কর্মকাণ্ডসমূহ |
|---|---|
| **সাবলীলতা - পাঠ্য বিষয়ে কোনো ভুল না করে আপনাআপনিভাবে উচ্চারণ করে পড়ার ক্ষমতা। একজন সাবলীল পাঠক অর্থবহ বাক্যাংশ এবং বাক্য তৈরি করতে শব্দগুলির গ্রুপ তৈরি করে এবং কোনো পাঠ্য বিষয়ের অর্থ প্রতিফলিত এবং বৃদ্ধি করতে অভিব্যক্তিসহ সেটি পড়ে। সাবলীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং শব্দের পাঠোদ্ধার এবং বোঝার মাঝে একটি সেতু।** | সবলীলতা গুরুত্বপূর্ণ \| রিডিং রকেটস্<br>বাড়িতে পড়ার সাবলীলতা গড়ে তুলতে শিক্ষার্থীদের জন্য বিভিন্ন কর্মকাণ্ড প্রদান করে।<br><br>বাড়িতে কবিতা \| রিডিং রকেটস্<br>পড়ার সাবলীলতা গড়ে তুলতে কবিতা ব্যবহারের পরামর্শ প্রদান করে।<br><br>শিক্ষার্থীদের জন্য 6+ গ্রেডে রিডিং স্তরে পারিবারিক সাবলীলতা<br>শিক্ষার্থীদের সাবলীলতা গড়ে তোলার সহায়তায় পরিবারদের জন্য একটি অনুশীলনী বই (ওয়ার্কবুক)। 6 অথবা তার উপরের গ্রেডের রিডিং (পঠন) স্তরের শিক্ষার্থীদর জন্য উপযুক্ত রচনাংশ।<br><br>4 - 5 গ্রেডের রিডিং স্তরের শিক্ষার্থীদের জন্য পারিবারিক সাবলীলতা<br>শিক্ষার্থীদের সাবলীলতা গড়ে তোলার সহায়তায় পরিবারদের জন্য একটি অনুশীলনী বই (ওয়ার্কবুক)। 4 অথবা 5 গ্রেডের রিডিং স্তরের শিক্ষার্থীদর জন্য উপযুক্ত রচনাংশ।<br><br>2 - 3 গ্রেডের রিডিং (পঠন) স্তরের শিক্ষার্থীদের জন্য পারিবারিক সাবলীলতা<br>শিক্ষার্থীদের সাবলীলতা গড়ে তোলার সহায়তায় পরিবারদের জন্য একটি অনুশীলনী বই (ওয়ার্কবুক)। 2 অথবা 3 গ্রেডের রিডিং স্তরের শিক্ষার্থীদর জন্য উপযুক্ত রচনাংশ। |
| **শব্দ-ভাণ্ডার - ক্রমাগত শব্দের ভাণ্ডার বৃদ্ধি করতে শব্দার্থ এবং উচ্চারণ জানার ক্ষমতা।** | শব্দ ভাণ্ডার বা ভোকাব্যুলারি গেম \| PBS কিডস্<br>এলিমেন্টারি শিক্ষার্থীদের জন্য ওয়ার্ড গেম (শব্দের খেলা) প্রদান করে।<br><br>একটি খবরের কাগজ আছে কি? আপনার শেখার সুযোগ রয়েছে! \| রিডিং রকেটস্<br>সর্বকনিষ্ঠদের জন্য "বর্ণ এবং শব্দের" কর্মকাণ্ড প্রদান করে, এর বাইরে মজার করে লিখার উদ্দীপনা ও সুপারিশ এবং তুলনামূলকভাবে বড় ছেলেমেয়েদের জন্য নিউজ বা খবর কীভাবে পড়া এবং বিশ্লেষণ করা যায়, সে বিষয়ে পরামর্শ।<br><br>Freerice<br>সেকেন্ডারি শিক্ষার্থীদের জন্য ওয়ার্ড গেম (শব্দের খেলা) প্রদান করে।<br><br>সকল বিষয়ের জন্য শিক্ষামূলক হিপ-হপ গান এবং ভিডিও, K-12<br>হিপ হপ ভিডিও এবং শিক্ষা-নির্দেশনার কর্মকাণ্ড প্রদান করে যা সাক্ষরতা এবং কর্মকাণ্ডকে শক্তিশালী করে। এর একটি নমুনা বিনামূল্যের পাওয়া যায়। |
| **পড়ে বোঝার ক্ষমতা - কোনো পাঠ্য বিষয়বস্তু থেকে অর্থ বের করা এবং জ্ঞান আহরণের ক্ষমতা।** | রিডিং ডিসকাশন (পাঠ্য বিষয়ক আলোচনা) বিংগো<br>পরিবারদেরকে তাদের সন্তানের সাথে আলোচনার জন্য প্রশ্নাবলীর একটি তালিকা প্রদান করে। |

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে খালি রাখা হয়েছে।

NYC PUBLIC SCHOOLS

LITERACY COLLABORATIVE

T-35778 (Bangla)

NYC Public Schools

Copyright © 2023 New York City Department of Education